ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদ্‌রাসা পরিদর্শন দফতর
www.iau.edu.bd iauins13@gmail.com
ওয়েস্ট ধানমন্ডি, বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/খু-০৪/২০১৬/১৪৮৬৫ তারিখ: ০৮ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ২৩ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

দর্গাহপুর ফাজিল মাদ্‌রাসা, ডাকঘরঃ গৌরনগর, উপজেলাঃ বাঘারপাড়া, জেলাঃ যশোর-এর ফাজিল স্নাতক (পাস) বি,এ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৭.০৩.২০২৪ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি-২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদ্‌রাসাটির ফাজিল স্নাতক (পাস) বি,এ স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০২৪ খ্রিঃ থেকে ২৬.০৪.২০২৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলোঃ

শর্তসমূহঃ

১. মাদরাসার সকল শ্রেণীতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি, উপস্থিতি ও ফলাফল অধিকতর সন্তোষজনক হতে হবে;
২. যুগোপযোগী মানব সম্পদ তৈরীর জন্য একটি সমৃদ্ধ লাইব্রেরীসহ পড়াশোনার জন্য অনুকুল পরিবেশ তৈরি করতে হবে যা সকলের জন্য উন্মুক্ত থাকবে;
৩. মাদরাসা প্রধান (অধ্যক্ষ/উপাধ্যক্ষ) শিক্ষকগণকে প্রতি সেমিস্টারে ৪ (চার) মাস অন্তর প্রশিক্ষণের মাধ্যমে অধিকতর দক্ষ করে তুলতে হবে;
৪. শিক্ষার মানোন্নয়ন এবং প্রতিষ্ঠানের উন্নয়ন কল্পে শিক্ষক,কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দের সাথে সুনির্দিষ্ট বিষয়ের উপর মাসিক আলোচনা সভা আয়োজন করে সিদ্ধান্ত গ্রহণ করা;
৫. শিক্ষার্থীদের তথ্য-প্রযুক্তিতে দক্ষতা অর্জনের নিমিত্ত একটি সমৃদ্ধ কম্পিউটার ল্যাব স্থাপন করতে হবে যা সকলের জন্য উন্মুক্ত থাকবে;
৬. শ্রেণীকক্ষে মুল কিতাবের ব্যবহার নিশ্চিত করতে হবে এবং শিক্ষার্থীদের মাতৃভাষার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় দক্ষ করে তুলতে হবে;
৭. সকল আর্থিক লেনদেন ব্যাংকের মাধ্যমে করতে হবে;
৮. ক্যাশ-কলামনার বই যথাযথভাবে পূরণ ও সংরক্ষণ করতে হবে;
৯. অর্থ ও প্রশাসন সংক্রান্ত সকল কার্যক্রম ফাইল নোট অনুমোদনের মাধ্যমে সম্পন্ন করতে হবে;
১০. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত ভিজিট করতে হবে এবং মাদরাসা সম্পর্কিত সকল নোটিশ সংশ্লিষ্ট মাদরাসার নোটিশ বোর্ডে প্রদর্শিত করা ছাড়াও মাদরাসার ফাইলে সংরক্ষণ করতে হবে;
১১. ছাত্র-ছাত্রীদের প্রয়োজনীয় সংখ্যক শ্রেণিকক্ষের সংকট দূরীকরণে দ্রুত সময়ের মধ্যে ব্যবস্থা নিতে হবে;
১২. বিশ্ববিদ্যালয় পর্যায়ের একটি প্রতিষ্ঠানের অধ্যক্ষ এবং উপাধ্যক্ষের অফিস কক্ষসহ শিক্ষক মিলনায়তনকে মানসম্মতভাবে সুসজ্জিত করতে হবে;
১৩. অধিভূক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুন:নবায়নের জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে

২৩/৭/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার
ও
মাদ্‌রাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদ্‌রাসা পরিদর্শন দফতর
মোবাইলঃ ০১৭০৫-৪০৮০০১

অধ্যক্ষ
দর্গাহপুর ফাজিল মাদ্‌রাসা
ডাকঘরঃ গৌরনগর, উপজেলাঃ বাঘারপাড়া, জেলাঃ যশোর।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/খু-০৪/২০১৬/১৪৮৬৫(৭) তারিখ: ০৮ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ২৩ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলোঃ

১. মহাপরিচালক, মাদ্‌রাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্‌রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পি.এস টু ভিসি, ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, দর্গাহপুর ফাজিল মাদ্‌রাসা, ডাকঘরঃ গৌরনগর, উপজেলাঃ বাঘারপাড়া, জেলাঃ যশোর
৭. অফিস নথি।

23/07/25

(ছায়েদ আহাম্মদ মজুমদার)
সেকশন অফিসার
মাদ্‌রাসা পরিদর্শন দফতর
মোবাইলঃ ০১৮২০-২৯২৫৩২